



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৫০

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে

সূত্র: (১) নং বামাশিবো/প্রশা/২২৪২২১০৬৩১৩১/৬৬৩৩২/নথি নং -১০০ তারিখ: ৩১/০৭/২০২২খ্রি.

(২) ০৫.২০.২২২৪.০০০.০০.০০০.২০২৩.১০৭৯, তারিখ: ০৮/১০/২০২৩খ্রি.

(৩) নম্বর ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৪৮, তারিখ: ২৫/১০/২০২৩খ্রি.

(৪) সুপার কর্তৃক দাখিলকৃত জবাবী পত্র নং ২০২৩/৭৫, তারিখ: ০২/১১/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কক্সবাজার জেলার সদর উপজেলাধীন চৌফলদন্ডী নতুন মহাল রহমানিয়া দাখিল মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১০৬৩১৩) ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি নিয়োগ কার্যক্রমে অনিয়মসহ বিভিন্ন অপকর্মে জড়িত মর্মে মাদ্রাসার সুপারের অভিযোগের প্রেক্ষিত স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক একটি তদন্ত প্রতিবেদন সূত্রোক্ত ০২নং স্মারকে বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় অভিযোগ প্রমাণিত হয়েছে। জনাব রফিকুল ইসলাম, সভাপতি, চৌফলদন্ডী নতুন মহাল রহমানিয়া দাখিল মাদ্রাসা, সদর, কক্সবাজার কে অব্যাহতি প্রদানসহ ম্যানেজিং কমিটি বাতিলের জন্য উপজেলা নির্বাহী অফিসার সুপারিশ করেছেন। অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার ম্যানেজিং কমিটি বাতিলের সুপারিশ করায় কেন ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হবে না মর্মে মাদ্রাসার সভাপতি ও সুপার-কে সূত্রোক্ত ০৩নং স্মারকে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হয়। কমিটি ভেঞ্জে দেয়া হলে কোন আপত্তি নেই মর্মে সূত্রোক্ত ০৪নং স্মারকে সুপার জবাব প্রদান করলেও সভাপতি কোন জবাব প্রদান করেন নাই।

এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর প্রবিধান ৩৮(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সূত্রোক্ত ০১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্জে দেয়া হলো এবং একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮-১১-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, চৌফল দস্তী নতুন মহাল রহমানিয়া দাখিল মাদ্রাসা, কক্সবাজার সদর, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৫০/১(৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার;
- ২। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার;
- ৫। ম্যানেজার, সোনালী/অগ্রণী/জনতা ব্যাংক লিমিটেড-----শাখা, কক্সবাজার সদর, কক্সবাজার;
- ৬। সভাপতি ও সদস্যবৃন্দ, চৌফলদস্তী নতুন মহাল রহমানিয়া দাখিল মাদ্রাসা, কক্সবাজার সদর, কক্সবাজার এবং
- ৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



০৮-১১-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার